MGI SLST GEOGRAPHY ONLINE COACHING
Contact: 9735337699/8640890159 (WhatsApp)

জলবায়ু বিদ্যার ১০০টি প্রশ্ন ও উত্তর

Download
স্কুল সার্ভিস ভূগোল
তৃতীয় পর্ব
www.missiongeographyindia.in

১. বায়ুপুঞ্জের গড় পরিধি কত?
উঃ ১৬০০ কিমি।

২. ক্রান্তীয় ও মেরু বায়ুপুঞ্জ কয় প্রকার ও কিকি?
উঃ ৪ প্রকার। ক্রান্তীয় মহাদেশীয় বায়ুপুঞ্জ(CT), ক্রান্তীয় সামুদ্রিক বায়ুপুঞ্জ(MT), মহাদেশীয় মেরু বায়ুপুঞ্জ(CP), সামুদ্রিক মেরু বায়ুপুঞ্জ(MP)।

৩. তাপগতির পরিবর্তন অনুসারে, বায়ুপুঞ্জ কয় প্রকার ও কিকি?
উঃ ২ প্রকার। শীতল বায়ুপুঞ্জ বা K বায়ুপুঞ্জ এবং উষ্ণ বায়ুপুঞ্জ বা W বায়ুপুঞ্জ।

৪. শীতল বায়ুপুঞ্জ কয় প্রকার ও কিকি?

উঃ ৪ প্রকার। শীতল সামুদ্রিক মেরু বায়ুপুঞ্জ (MPK), শীতল মহাদেশীয় মেরু বায়ুপুঞ্জ (CPK), শীতল ক্রান্তীয় সামুদ্রিক বায়ুপুঞ্জ (MTK), ও শীতল ক্রান্তীয় মহাদেশীয় বায়ুপুঞ্জ (CTK)।

৫. বায়ুপুঞ্জের উৎস অঞ্চলের অক্ষাংশীয় অবস্থানের ভিত্তিতে, বায়ুপুঞ্জ কয় প্রকার ও কিকি?
উঃ ৪ প্রকার। নিরক্ষীয় বায়ুপুঞ্জ (E), ক্রান্তীয় বায়ুপুঞ্জ (T), মেরু বায়ুপুঞ্জ (P), মেরুবৃত্তীয় বায়ুপুঞ্জ (A)।

৬. স্থলভাগ ও জলভাগের ভিত্তিতে, বায়ুপুঞ্জ কয় প্রকার ও কিকি?
উঃ ২ প্রকার। মহাদেশীয় বায়ুপুঞ্জ (C), সামুদ্রিক বায়ুপুঞ্জ (M)।

৭. বায়ুপুঞ্জের প্রধান প্রাথমিক উপাদানগুলি কিকি?
উঃ বাতাসস্থিত উষ্ণতা ও আর্দ্রতা, বিভিন্ন প্রকার মেঘের অবস্থান ও অধঃক্ষেপন, স্থায়ী বা অস্থায়ী প্রতীপ ঘূর্ণবাত, বায়ুপুঞ্জ সীমান্ত।

৮. বায়ুপুঞ্জ গ্রীষ্মকালে ভূমিভাগের ওপর দিয়ে যাওয়ার সময় কোন প্রকার মেঘের সৃষ্টি হয়?
উঃ কিউমূলোনিম্বাস।

৯. Frontogenesis শব্দটির অর্থ কি?
উঃ Frontogenesis একটি লাতিন শব্দ যার অর্থ হল - 'Creation Of Altogether New Front' বা বায়ুপ্রাচীর সংগঠন প্রক্রিয়া।

১০. Frontogenesis শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?

উঃ টর বার্জেরন।

১১. বায়ুপ্রাচীর কয়প্রকার ও কিকি?
উঃ ৪ প্রকার। উষ্ণ বায়ুপ্রাচীর, শীতল বায়ুপ্রাচীর, অন্তর্ধৃত বায়ুপ্রাচীর, স্থির বায়ুপ্রাচীর।

১২. Frontolysis শব্দটির অর্থ কি?
উঃ Frontolysis একটি লাতিন শব্দ, যার অর্থ হল - 'Dissipation Or Weakening Of An Air Front' বা বায়ুপ্রাচীরের বিলোপ প্রক্রিয়া।

১৩. Frontogenesis ও Frontolysis এর অন্তর্বর্তী সময়ের ব্যবধান কত?
উঃ ৭-১০ দিন।

১৪. বায়ুপ্রবাহ কয় প্রকার ও কিকি?
উঃ ২ প্রকার। উলম্ব বায়ুপ্রবাহ ও অনুভূমিক বায়ুপ্রবাহ।

১৫. I.T.C.Z. এর বৃহত্তম অংশ কোনটি?
উঃ প্রশান্ত ও ভারত মহাসাগরীয় সংযোগস্থলের I.T.C.Z.।

১৬. নিয়ত বায়ুপ্রবাহের প্রধান কারন কি?
উঃ পৃথিবীর আবর্তন গতি।

১৭. নিরক্ষীয় শান্তবলয়ের অক্ষাংশগত অবস্থান কত?
উঃ নিরক্ষরেখা থেকে উভয় দিকে ৫-১০ ডিগ্রি উঃ/দঃ অক্ষাংশ।

১৮. অশ্ব অক্ষাংশের অক্ষাংশগত অবস্থান কত?
উঃ ৩০-৩৮ ডিগ্রি উঃ/দঃ অক্ষাংশ।

১৯. গর্জনশীল চল্লিশার অক্ষাংশগত অবস্থান কত?
উঃ ৪০-৫০ ডিগ্রি দঃ অক্ষাংশ।

২০. আয়ন বায়ু ও পশ্চিমা বায়ুর অক্ষাংশগত প্রবাহ অঞ্চল কত?
উঃ আয়ন বায়ু - উভয় গোলার্ধে ৫-১০ ডিগ্রি উঃ/দঃ অক্ষাংশ থেকে ৩৫ ডিগ্রি উঃ/দঃ অক্ষাংশ।
পশ্চিমা বায়ু - উভয় গোলার্ধে, ৩৫ ডিগ্রি উঃ/দঃ অক্ষাংশ থেকে ৬০-৬৫ ডিগ্রি উঃ/দঃ অক্ষাংশ।

২১. ইউরোপের আল্পস পার্বত্য অঞ্চলের উষ্ণ ও শুষ্ক স্থানীয় বায়ু কি নামে পরিচিত?
উঃ ফন বা ফ্যার্ন।

২২. উত্তর আমেরিকার রকি পার্বত্য অঞ্চলের উষ্ণ ও শুষ্ক বায়ু কি নামে পরিচিত?
উঃ চিনুক।

২৩. 'চিনুক' শব্দটির আক্ষরিক অর্থ কি?
উঃ তুষার-খাদক (Snow Eater)।

২৪. পর্বতের চূড়া থেকে নিম্নাভিমুখী শীতল ও ভারী বায়ু কি নামে পরিচিত?

উঃ ক্যাটাবেটিক বায়ু।

২৫. যুগোশ্লাভিয়াতে স্থানীয় ক্যাটাবেটিক বায়ু কি নামে পরিচিত?
উঃ বোরী।

২৬. ফ্রান্সে স্থানীয় ক্যাটাবেটিক বায়ু কি নামে পরিচিত?
উঃ মিস্ট্রাল।

২৭. আলাস্কায় স্থানীয় ক্যাটাবেটিক বায়ু কি নামে পরিচিত?
উঃ টাকু।

২৮. সান্টা আনা কি?
উঃ দক্ষিন ক্যালিফোর্নিয়াতে চিনুক বায়ুপ্রবাহ সান্টা আনা নামে পরিচিত।

২৯. পম্পাস তৃণভূমি অঞ্চলে প্রবাহিত উষ্ণ স্থানীয় বায়ু কি নামে পরিচিত?
উঃ পাম্পেরো।

৩০. খামসিন কি?
উঃ সাহারা মরুভূমি থেকে মিশরের ওপর প্রবাহিত একপ্রকার উষ্ণ স্থানীয় বায়ু।

৩১. গ্রীষ্মকালে উত্তর পূর্ব ভারতে প্রবাহিত উষ্ণ স্থানীয় বায়ু কি নামে পরিচিত?
উঃ লু।

৩২. ইতালির সিসিলি দ্বীপের ওপর প্রবাহিত উষ্ণ স্থানীয় বায়ু কি নামে পরিচিত?
উঃ সিরক্কো।

৩৩. আফ্রিকার গিনি উপকূলে প্রবাহিত উষ্ণ ও শুষ্ক স্থানীয় বায়ু কি নামে পরিচিত?
উঃ হারমাট্টান।

৩৪. আঁধি কি?
উঃ গ্রীষ্মকালে উত্তর পশ্চিম ভারতে সন্ধ্যাবেলা যে উষ্ণ ও শুষ্ক ধূলিঝড় প্রবাহিত হয়, তাকে আঁধি বলে।

৩৫. Pineapple Express কি?
উঃ হাওয়াই দ্বীপপুঞ্জ ও উত্তর আমেরিকার প্রশান্ত মহাসাগরীয় উপকূলে অতিরিক্ত আর্দ্রতা যুক্ত যে বায়ু প্রচুর বৃষ্টিপাত ঘটায় তাকে Pineapple Express বলে।

৩৬. উত্তর পূর্ব ইতালিতে প্রবাহিত শীতল শুষ্ক স্থানীয় বায়ু কি নামে পরিচিত?
উঃ বোরা।

৩৭. সিমুম কি?
উঃ সাহারা মরুভূমি ও মধ্যপ্রাচ্যে প্রবাহিত তীব্র শুষ্ক ও উষ্ণ স্থানীয় বায়ুকে সিমুম বলে।

৩৮. দঃ আমেরিকার আন্দিজ পর্বতের পূর্ব ঢালে প্রবাহিত শুষ্ক স্থানীয় বায়ু কি নামে পরিচিত?
উঃ জোন্ডা।

৩৯. শীতকালে সার্বিয়াতে প্রবাহিত অতি শীতল স্থানীয় বায়ু কি নামে পরিচিত?
উঃ কোসাভা।

৪০. গ্রিগাল কি?
উঃ গ্রীস, মাল্টা সহ পশ্চিম ভূ-মধ্যসাগরীয় অঞ্চলে প্রবাহিত শীতল স্থানীয় বায়ুকে গ্রিগাল বলে।

৪১. ঘূর্ণবাত কয় প্রকার ও কিকি?
উঃ ২ প্রকার। ক্রান্তীয় ঘূর্ণবাত ও নাতিশীতোষ্ণ ঘূর্ণবাত।

৪২. Cyclone শব্দটির অর্থ কি?
উঃ Cyclone শব্দটি গ্রীক শব্দ Kukloma বা Kyklos থেকে এসেছে, যার অর্থ হল - সাপের কুন্ডলী।

৪৩. ঘূর্ণবাতের কেন্দ্রে বায়ুর চাপের গড় পরিমান কত?
উঃ ৮৫০-৯০০ মিলিবার।

৪৪. Cyclone শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?
উঃ হেনরী পিডিংটন (১৯৪৮)।

৪৫. ঘূর্ণবাতের চক্ষু কি?
উঃ প্রতিটি ঘূর্ণবাতের মাঝখানে একটি কেন্দ্র থাকে, যেখানে বায়ুর প্রকৃতি শান্ত হয়। একে ঘূর্ণবাতের চক্ষু বলে।

৪৬. ঘূর্ণবাতের বায়ুপ্রবাহের সর্বোচ্চ ও সর্বনিম্ন গড় গতিবেগ কত?
উঃ সর্বোচ্চ গড় গতিবেগ ৪০০ কিমি/ঘঃ এবং সর্বনিম্ন গড় গতিবেগ ২০ কিমি/ঘঃ।

৪৭. ক্রান্তীয় ঘূর্ণবাত কোথায় সৃষ্টি হয়?
উঃ নিরক্ষরেখা থেকে উভয় দিকে, ক্রান্তীয় মন্ডলে ৫-৩০ ডিগ্রি উঃ/দঃ অক্ষাংশের মধ্যে।

৪৮. পৃথিবীর প্রবলতম ও সর্বাধিক বিধ্বংসী ঝড় কোনটি?
উঃ টর্নেডো।

৪৯. টর্নেডো শব্দটির অর্থ কি?
উঃ টর্নেডো শব্দটি স্প্যানিশ শব্দ Tornada থেকে এসেছে, যার অর্থ হল - বজ্রবিদ্যুৎসহ ঝড়বৃষ্টি।

৫০. পৃথিবীর কোথায় কোথায় টর্নেডো দেখা যায়?
উঃ প্রধানত আমেরিকা যুক্তরাষ্ট্র, মেক্সিকো, পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ।

৫১. পৃথিবীর সর্বাধিক টর্নেডোপ্রবন অঞ্চল কোনটি?
উঃ আমেরিকা যুক্তরাষ্ট্রের মিসিসিপি-মিসৌরী নদীর মোহানা অঞ্চল।

৫২. ভারত মহাসাগরে সৃষ্ট ক্রান্তীয় ঘূর্ণবাত কি নামে পরিচিত?
উঃ সাইক্লোন।

৫৩. চীন সাগরে সৃষ্ট ক্রান্তীয় ঘূর্ণবাত কি নামে পরিচিত?
উঃ টাইফুন।

৫৪. জাপান সাগরে সৃষ্ট ক্রান্তীয় ঘূর্ণবাত কি নামে পরিচিত?
উঃ তাইফু।

৫৫. ফিলিপাইনস সাগরে সৃষ্ট ক্রান্তীয় ঘূর্ণবাত কি নামে পরিচিত?
উঃ ব্যাগুই।

৫৬. ক্যারিবিয়ান সাগরে সৃষ্ট ক্রান্তীয় ঘূর্ণবাত কি নামে পরিচিত?
উঃ হ্যারিক্যান।

৫৭. অস্ট্রেলিয়ার নিকট দঃ-পঃ প্রশান্ত মহাসাগরে সৃষ্ট ক্রান্তীয় ঘূর্ণবাত কি নামে পরিচিত?
উঃ উইলি উইলি।

৫৮. বছরের কোন ঋতুতে সবচেয়ে বেশি টর্নেডোর সৃষ্টি হয়?
উঃ গ্রীষ্ম ও বসন্তকালে।

৫৯. বছরের কোন সময় সবচেয়ে বেশি টাইফুন সৃষ্টি হয়?
উঃ জুলাই থেকে অক্টোবর মাসে।

৬০. টুইস্টার কি?
উঃ আমেরিকা যুক্তরাষ্ট্রে প্রবল শক্তিশালী টর্নেডোকে অনেক সময় টুইস্টার বলে।

৬১. ইয়ামো কি?
উঃ জাপানের সংকীর্ণ উপত্যকা অঞ্চলে প্রবাহিত উষ্ণ ও শুষ্ক স্থানীয় বায়ুকে ইয়ামো (Yamo) বলে।

৬২. ট্রামোন্টানে কি?
উঃ মধ্য ইউরোপের উপত্যকা অঞ্চলে প্রবাহিত উষ্ণ স্থানীয় বায়ুকে ট্রামোন্টানে (Tramontane) বলে।

৬৩. লেভেচ কি?
উঃ স্পেনে প্রবাহিত উষ্ণ সিরক্কো বায়ু লেভেচ (Levech) নামে পরিচিত।

৬৪. লেস্টে কি?
উঃ ম্যাদিয়েরা ও মরক্কোতে প্রবাহিত উষ্ণ সিরক্কো বায়ু লেস্টে (Leste) নামে পরিচিত।

৬৫. ব্রিকফিল্ডার কি?
উঃ অস্ট্রেলিয়াতে প্রবাহিত উষ্ণ উত্তরে হাওয়াকে ব্রিকফিল্ডার বলে।

৬৬. ব্ল্যাকরোলার কি?

উঃ উত্তর আমেরিকার বিস্তীর্ণ সমভূমি অঞ্চলে প্রবাহিত তীব্র গতিবেগ সম্পন্ন, ধূলিকনা মিশ্রিত, উষ্ণ স্থানীয় বায়ুকে ব্ল্যাকরোলার (Blackroller) বলে।

৬৭. শামল কি?
উঃ পারস্য উপসাগর ও ইরাকের ওপর প্রবাহিত উষ্ণ স্থানীয় বায়ুকে শামল (Shamal) বলে।

৬৮. বুরান কি?
উঃ পূর্ব রাশিয়া ও মধ্য সাইবেরিয়াতে প্রবাহিত তীব্র শীতল হাওয়াকে বুরান (Buran) বলে।

৬৯. পুর্গা কি?
উঃ রাশিয়ার তুন্দ্রা অঞ্চলে প্রবাহিত বরফশীতল বাতাস কে পুর্গা (Purga) বলে।

৭০. পাপাগায়ো কি?
উঃ পাপাগায়ো উপসাগর ও কোস্টারিকার উত্তর-পশ্চিম উপকূলে প্রবাহিত শীতল স্থানীয় বায়ুকে পাপাগায়ো (Papagayo) বলে।

৭১. ফ্রিয়াজেম কি?
উঃ আমাজন উপত্যকা অঞ্চলে প্রবাহিত শীতল স্থানীয় বায়ুকে ফ্রিয়াজেম বলে।

৭২. হাবুব কি?

উঃ সুদানে প্রবাহিত শীতল স্থানীয় বায়ুকে হাবুব বলে।

১৩. ব্লিজার্ড কি?
উঃ পূর্ব রকি পার্বত্য অঞ্চলে প্রবাহিত শীতল স্থানীয় বায়ুকে ব্লিজার্ড বলে। অনেকসময়, আন্টার্কটিকায় প্রবাহিত অতি শীতল বায়ুকেও ব্লিজার্ড বলে।

১৪. ক্রিভাট কি?
উঃ রোমানিয়াতে প্রবাহিত শীতল, ব্লিজার্ডের মতো স্থানীয় বায়ুকে ক্রিভাট বলে।

১৫. ডিয়াবলো কি?
উঃ উত্তর ক্যালিফোর্নিয়ার সানফ্রান্সিসকো উপসাগর অঞ্চলে প্রবাহিত উষ্ণ, শুষ্ক স্থানীয় বায়ুকে ডিয়াবলো (Diablo) বলে।

১৬. এলিফ্যান্টা কি?
উঃ ভারতের মালাবার উপকূলে সেপ্টেম্বর অক্টোবর মাসে প্রবাহিত স্থানীয় বায়ুকে এলিফ্যান্টা বলে।

১৭. গ্যালিভার কি?
উঃ পূর্ব আজারবাইজানের বাকু অঞ্চলের ওপর প্রবাহিত উষ্ণ স্থানীয় বায়ুকে গ্যালিভার (Galivar) বলে।

১৮. হ্যালনি কি?
উঃ দক্ষিন পোল্যান্ড ও স্লোভাকিয়ার তাতরা পার্বত্য অঞ্চলে প্রবাহিত উষ্ণ স্থানীয় বায়ুকে হ্যালনি (Halny) বলে।

৭৯. মারিন কি?
উঃ ফ্রান্সের লিঁয় উপসাগর অঞ্চলে প্রবাহিত উষ্ণ, আর্দ্র স্থানীয় বায়ুকে মারিন বলে।

৮০. মিনুয়ানো কি?
উঃ দক্ষিন ব্রাজিল ও উরুগুয়েতে প্রবাহিত শীতল স্থানীয় বায়ুকে মিনুয়ানো বলে।

৮১. কোন প্রকার ঘূর্ণবাতে বায়ুপ্রাচীর দেখা যায়?
উঃ নাতিশীতোষ্ণ ঘূর্ণবাত।

৮২. কোন প্রকার ঘূর্ণবাতে বায়ুপ্রাচীর দেখা যায় না?
উঃ ক্রান্তীয় ঘূর্ণবাত।

৮৩. কোন কোন বিজ্ঞানী সর্বপ্রথম নাতিশীতোষ্ণ ঘূর্ণবাত সম্পর্কে আলোকপাত করেন?
উঃ V. Bjerknes & J. Bjerknes।

৮৪. ব্যারোট্রপিক আবহিক অবস্থায় কোন প্রকার ঘূর্ণবাত সৃষ্টি হয়?
উঃ ক্রান্তীয় ঘূর্ণবাত।

৮৫. ব্যারোক্লিনিক আবহিক অবস্থায় কোন প্রকার ঘূর্ণবাত সৃষ্টি হয়?
উঃ নাতিশীতোষ্ণ ঘূর্ণবাত।

৮৬. Anticyclone শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?
উঃ স্যার ফ্রান্সিস গল্টন।

৮৭. কোন মহাদেশে সারা বছর স্থায়ী প্রতীপ ঘূর্ণবাত বিরাজ করে?
উঃ আন্টার্কটিকা।

৮৮. ত্রি-কক্ষীয় বায়ু সঞ্চালন মডেল কে প্রদান করেন?
উঃ পলম্যান।

৮৯. কত সালে, কে হ্যাডলি সঞ্চালন কোষ আবিষ্কার করেন?
উঃ ১৭৩৫ সালে, বিজ্ঞানী হ্যাডলি।

৯০. ত্রি-কক্ষীয় বায়ু সঞ্চালন মডেলে কয়টি সঞ্চালন কোষ রয়েছে ও কিকি?
উঃ ৩ টি। হ্যাডলি সঞ্চালন কোষ, ফেরেল সঞ্চালন কোষ, মেরু সঞ্চালন কোষ।

৯১. কে সর্বপ্রথম অক্ষাংশ বরাবর বায়ুপ্রবাহ লক্ষ করেন?
উঃ গিলবার্ট ওয়াকার (১৯২২-২৩)।

৯২. কার নামানুসারে ওয়াকার সঞ্চালনের নামকরন করা হয়েছে?
উঃ গিলবার্ট ওয়াকার।

৯৩. S.O.I. এর অর্থ কি?
উঃ Southern Oscillation Index।

৯৪. El-Nino শব্দটির অর্থ কি?
উঃ El-Nino একটি স্প্যানিশ শব্দ যার অর্থ হল Christ Child বা দুরন্ত বালক।

৯৫. La-Nina শব্দটির অর্থ কি?
উঃ La Nina একটি স্প্যানিশ শব্দ যার অর্থ হল Little Girl বা শান্ত মেয়ে।

৯৬. ENSO শব্দটির অর্থ কি?
উঃ El Nino Southern Oscillation।

৯৭. ভূ-পুষ্ঠ থেকে কত কিমি উচ্চতায় জেট বায়ু প্রবাহিত হয়?
উঃ ৭.৫-১৪ কিমি।

৯৮. কে, কেন জেট বায়ুকে Thermal Wind বলেছেন?
উঃ বিজ্ঞানী পিটারসন, কারন জেটবায়ু সম্পূর্ন তাপীয় কারনে উদ্ভূত হয়।

৯৯. জেটবায়ুর গড় গতিবেগ কত?
উঃ ৪০-১০০ মিটার / সেকেন্ড।

১০০. বছরের কোন সময় জেট বায়ু প্রবাহ দেখা যায়?
উঃ শীতকালের প্রাক্-কাল থেকে মার্চ-এপ্রিল বা এপ্রিল-মে মাস পর্যন্ত।

-অরিজিৎ সিংহ মহাপাত্র (সহযোগী সম্পাদক, মিশন জিওগ্রাফি ইন্ডিয়া)।
©মিশন জিওগ্রাফি ইন্ডিয়া।

MGI SLST GEOGRAPHY ONLINE COACHING

বাড়িতে বসে অনলাইনের মাধ্যমে
স্কুল সার্ভিস ভূগোলের জন্য প্রস্তুতি নিন

Not yet a member?
JOIN NOW

www.missiongeographyindia.in
Google Search: MGI PRIME MEMBERSHIP

আপনি এক বছরের মেম্বারশিপ নিয়ে পাবেন

১. ১৪৬টি টপিকের উপর ৫০+ টি করে SAQ প্রশ্নত্তোর এর টপিক ভিত্তিক PDF
২. তিন মাসের কোর্সে ৭৩০০+ গুরুত্বপূর্ণ প্রশ্নত্তোর এর বিশাল সম্ভার
৩. কোর্স চলাকালীন ১২টি মক টেস্ট এবং পুরো এক বছরে ৫০+ টি মক টেস্ট থেকে ১৫০০+ MCQ প্রশ্নত্তোর
৪. প্রতিনিয়ত Guidance ইত্যাদি

MOB: 9735337699/8640890159 (WhatsApp)